**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 6/15/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 70% প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসী COVID-19 টিকার প্রথম ডোজ পেয়ে গেছেন বলে COVID-19 সংক্রান্ত বিধিনিষেধ তুলে নেওয়া হবে

***রাজ্যের COVID-19 বিধিনিষেধ এবং নিউ ইয়র্ক ফরোয়ার্ড শিল্প গাইডেন্স খুচরা, খাদ্য পরিষেবা, অফিস, জিম এবং ফিটনেস সেন্টার, বিনোদন এবং পারিবারিক বিনোদন, হেয়ার সেলুন, নাপিতের দোকান, ব্যক্তিগত পরিচর্যার পরিষেবা সহ বাণিজ্যিক পরিবেশ জুড়ে তুলে নেওয়া হয়েছে***

***যারা টিকাপ্রাপ্ত নন, তারা ফেডারাল CDC নির্দেশিকা অনুযায়ী মাস্ক পরা অব্যাহত রাখার জন্য দায়প্রাপ্ত***

***বড় আকারের আভ্যন্তরীণ ইভেন্ট ভেন্যু, প্রাক-কে থেকে 12 অবধি স্কুল, গণ পরিবহণ, গৃহহীন আশ্রয়স্থল, সংশোধনাগার, নার্সিংহোম এবং স্বাস্থ্য সেবা পরিবেশগুলিকে এখনও বিদ্যমান COVID-19 স্বাস্থ্য প্রোটোকল মেনে চলতে হবে CDC-র নির্দেশিকা অনুযায়ী***

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে 18 বছর বা তার বেশি বয়সী নিউ ইয়র্কবাসীদের 70 শতাংশ তাদের COVID-19 টিকাকরণ সিরিজের প্রথম ডোজ পেয়েছেন বলে অবিলম্বে COVID-19 বিধিনিষেধ তুলে নেওয়া হবে। রাজ্যের স্বাস্থ্য নির্দেশিকা এবং *নিউ ইয়র্ক ফরোয়ার্ড* শিল্পের নির্দিষ্ট নির্দেশিকা - যার মধ্যে রয়েছে সামাজিক সমাবেশের সীমা, ধারণ ক্ষমতার সীমাবদ্ধতা, সামাজিক দূরত্ব, পরিষ্কার করা এবং নির্বীজকরণ, স্বাস্থ্য স্ক্রিনিং, এবং ট্রেসিং এর জন্য যোগাযোগের তথ্য সংগ্রহ -- অন্যান্য বাণিজ্যিক পরিবেশের মধ্যে খুচরা, খাদ্য পরিষেবা, অফিস, জিম এবং ফিটনেস সেন্টার, বিনোদন এবং পারিবারিক বিনোদন, হেয়ার সেলুন, নাপিতের দোকান এবং ব্যক্তিগত পরিচর্যার পরিষেবাগুলির জন্য এখন ঐচ্ছিক হবে।

টিকাপ্রাপ্ত নন এমন ব্যক্তিরা ফেডারেল সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention, CDC) নির্দেশিকা অনুযায়ী মুখোশ পরার জন্য দায়বদ্ধ থাকবেন। রাষ্ট্রের বাস্তবায়ন করা সাম্প্রতিক CDC-র নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ, টিকা না নেওয়া ব্যক্তিদের জন্য এখনও মাস্কের প্রয়োজন হবে। এছাড়াও, রাজ্যের স্বাস্থ্য নির্দেশিকা বড় আকারের অভ্যন্তরীণ ইভেন্ট ভেন্যু, প্রাক-কে থেকে গ্রেড 12 স্কুল অবধি, গণ পরিবহণ, গৃহহীন আশ্রয়কেন্দ্র, সংশোধনাগার, নার্সিংহোম এবং স্বাস্থ্য সেবা পরিবেশের জন্য কার্যকর থাকবে CDC-র নির্দেশিকা অনুযায়ী।

"নিউ ইয়র্ক যা করেছে তা অসাধারণ। আমাদের শুধু মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বনিম্ন COVID ইতিবাচকতার হার তাই নয়, আমরা নির্ধারিত সময়সূচীর আগে 70 শতাংশ টিকাকরণে পৌঁছে গেছি। আমরা সফলভাবে সেই অস্ত্র মোতায়েন করেছি যা যুদ্ধে জয় নিয়ে আসবে, এবং নিউ ইয়র্ক জাতিকে নেতৃত্ব দিয়েছে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা নার্স সান্ড্রা লিন্ডসের সাথে অগ্রসর হয়েছিলাম, যিনি নর্থওয়েলে প্রথম যিনি টিকা গ্রহণ করেছিলেন এবং মানুষকে আশ্বাস দিয়েছিলেন যে এটি নিরাপদ। আমরা 20 মিলিয়নেরও বেশি টিকা প্রদান করেছি, যা মার্কিন যুক্তরাষ্ট্রের যে কোনও বড় রাজ্যের চেয়ে মাথা পিছু বেশি। নিউ ইয়র্কবাসীদের অভিনন্দন কারণ তারাই এটি করেছে। আমরা আর এখন কোন রকমে শুধু বেঁচে নেই—আমরা সমৃদ্ধ হচ্ছি। রাজ্যের আদেশগুলি যা সঠিক প্রমাণিত হয়েছে এবং আমাদের এই মহামারীর মধ্য দিয়ে নিয়ে এসেছে তা আজ থেকেশিথিল করা হল, যা অবিলম্বে কার্যকর হবে।"

**হোয়াইট হাউজের COVID-19 রেসপন্স (White House COVID-19 Response) কো-অর্ডিনেটর জেফ্রি ডি জিয়েন্টস বলেছেন,** "নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলিতে, টিকাকরণের ক্ষেত্রে রাজ্যের অগ্রগতির কারণে মারাত্মক করোনাভাইরাস পিছু হটছে। নিউ ইয়র্ক দেশের সব চেয়ে ক্ষতিগ্রস্ত রাজ্যগুলির মধ্যে একটি হওয়া থেকে টিকাকরণ কর্মসূচির কারণে এই ভাইরাস মোকাবেলায় অন্যতম প্রধান রাজ্য হয়ে উঠেছে, এই কর্মসূচির ফলে নিউ ইয়র্কবাসীদের টিকা নেওয়া সহজ এবং সুবিধাজনক হয়ে উঠেছে, তার সাথে যুক্ত হয়েছেন স্থানীয় পর্যায়ে কঠোর পরিশ্রম করা রাজ্য ও সম্প্রদায়ের নেতারা এবং লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীরা, যারা টিকা নেওয়ার জন্য তাদের হাতা গুটিয়ে বাহু এগিয়ে দিয়েছেন।"

রাজ্যের COVID বিধিনিষেধগুলি বড় আকারের অভ্যন্তরীণ ইভেন্ট ভেন্যুগুলির জন্য কার্যকর রয়েছে - যা এখন অভ্যন্তরীণ ভেন্যু হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে যেখানে 5,000 এরও বেশি অংশগ্রহণকারী ধারণ করতে পারে। রাজ্যের CDC নির্দেশিকা বাস্তবায়নের সাথে সামঞ্জস্যপূর্ণ, টিকাকরণের প্রমাণ সামাজিক দূরত্ব দূর করতে এবং সম্পূর্ণ টিকা প্রাপ্ত ব্যক্তিদের জন্য মুখোশ অপসারণ করতে ব্যবহার করা যেতে পারে। টিকাহীন বা অজানা টিকাদানের স্থিতি সহ ব্যক্তিদের যাদের বয়স চার বছরের বেশি তাদের অবশ্যই সাম্প্রতিক নেতিবাচক ডায়াগনস্টিক COVID-19 পরীক্ষার ফলাফলের প্রমাণ উপস্থাপন করা চালিয়ে যেতে হবে এবং ভেন্যুর ভিতরে মুখোশ পরতে হবে। যাই হোক, সামাজিক দূরত্ব হ্রাস বা পরীক্ষিত অংশগ্রহণকারীদের মধ্যে দূর করা যেতে পারে, যাতে ভেন্যুগুলি সব বিভাগে 100 শতাংশ ধারণ ক্ষমতায় পৌঁছাতে পারে।

আজ পর্যন্ত, প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসীদের 70 শতাংশেরও বেশি COVID-19 টিকার অন্তত প্রথম ডোজ পেয়েছে এবং নতুন COVID-19 কেসের হার দেশের সর্বনিম্ন স্তরে নেমে গেছে। নিউ ইয়র্কের অগ্রগতি এবং সম্প্রদায়ের মধ্যে COVID-19 এর হ্রাসপ্রাপ্ত ঝুঁকির পরিপ্রেক্ষিতে, রাজ্য টিকাহীন ব্যক্তিদের জন্য মুখোশের প্রয়োজনীয়তা এবং নির্দিষ্ট ক্ষেত্র (যেমন, বড় আকারের অভ্যন্তরীণ ইভেন্ট ভেন্যু, প্রাক-কে থেকে গ্রেড 12 স্কুল, গণ পরিবহণ, গৃহহীন আশ্রয়কেন্দ্র, সংশোধনাগার, নার্সিংহোম এবং CDC গাইডেন্স অনুযায়ী স্বাস্থ্য সেবার পরিবেশে) ব্যতীত অবিলম্বে কার্যকর করে COVID-19 সংক্রান্ত বিধিনিষেধ তুলে নিচ্ছে। যদিও *নিউ ইয়র্ক ফরোয়ার্ড (New York Forward)*শিল্প পুনরায়

খোলার নির্দেশিকা বেশির ভাগ শিল্পের জন্য আর বাধ্যতামূলক নয়, এই নথিগুলি আর্কাইভ করা হবে এবং একটি পাবলিক রেফারেন্স হিসাবে উপলব্ধ করা হবে।

পুনরায় খোলার জন্য রাজ্যের ন্যূনতম মান অপসারণের সাথে সাথে, ব্যবসাগুলি সমস্ত বা কিছু বিধিনিষেধ তুলে নিতে পারে, রাজ্যের আর্কাইভ করা নির্দেশিকা মেনে চলতে পারে বা তাদের কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের জন্য অন্যান্য স্বাস্থ্য সংক্রান্ত সতর্কতা বাস্তবায়ন করতে পারে। ব্যবসাগুলি তাদের প্রতিষ্ঠানের ভিতরে কর্মচারী এবং পৃষ্ঠপোষকদের জন্য মাস্ক এবং ছয় ফুট সামাজিক দূরত্বের প্রয়োজন বাধ্যতামূলক করতে পারে টিকাকরণের স্থিতি নির্বিশেষে। কোনও মাস্কের প্রয়োজনীয়তা যা ব্যবসাগুলি বাস্তবায়ন করতে চাইবেন তা অবশ্যই প্রযোজ্য ফেডারেল এবং রাজ্যের আইন এবং বিধিমালা মেনে চলতে হবে, যেমন, আমেরিকানস উইথ ডিসেবিলিটিস অ্যাক্ট (Americans with Disabilities Act)।

###


আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন